কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]


HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 22 MAY 2026 ,FRIDAY | ২২ মে ২০২৬ ,শুক্রবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-169


## আরজি কর কাণ্ডে নতুন করে তদন্তের নির্দেশ কলকাতা হাইকোর্টের



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২১ মে :**২০২৪ সালে আরজি কর হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ ও খুনের মামলায় নতুন করে তদন্তের নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। বৃহস্পতিবার বিচারপতি শম্পা সরকার ও বিচারপতি তীর্থঙ্কর ঘোষের ডিভিশন বেঞ্চ সিবিআইয়ের পূর্বাঞ্চলের যুগ্ম অধিকর্তার নেতৃত্বে নতুন তদন্তকারী দল গঠনের নির্দেশ দেয়। কলকাতা হাইকোর্টের নির্দেশ , ঘটনার রাতে তরুণী চিকিৎসক ডিনারের পর কোথায় গিয়েছিলেন এবং সেখানে কী ঘটেছিল ,পুরো ঘটনা নতুন করে তদন্ত করে দেখতে হবে। প্রয়োজনে তদন্তকারী দল সন্দেহভাজন ব্যক্তিকে ফের জিজ্ঞাসাবাদ করতে পারবে। ২৫ জুনের মধ্যে তদন্তের অগ্রগতি রিপোর্ট জমা দিতে হবে কলকাতা হাইকোর্টে।

## খাদ্য দপ্তরের কর্মকর্তাদের হানা আলিপুরদুয়ারে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ মে :** আলিপুরদুয়ার শহরের বিভিন্ন হোটেল ও খাবারের দোকানে আচমকাই হানা দিল খাদ্য দপ্তরের আধিকারিকরা। বৃহস্পতিবার শহরের একাধিক হোটেল, রেস্তোরাঁ ও বিস্কুটের দোকানে অভিযান চালিয়ে খাবারের মান, রান্নাঘরের পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং স্বাস্থ্যবিধি খতিয়ে দেখা হয়। অভিযান চলাকালীন আধিকারিকরা হোটেলের খরিদ্দারদের সঙ্গেও কথা বলেন এবং খাবারের গুণগত মান সম্পর্কে মতামত নেন। বেশ কয়েকটি হোটেলে অপরিচ্ছন্ন পরিবেশ ও নিয়ম না মানার অভিযোগে মালিকদের সতর্কবার্তা দেওয়া হয়।এছাড়াও কয়েকটি খাবারের দোকান ও বিস্কুটের দোকানে মেয়াদোত্তীর্ণ বিস্কুট ও কুরকুরে পাওয়া যায় বলে জানা গিয়েছে। সেই সমস্ত দোকানদারদেরও কড়া সতর্ক করা হয়েছে। খাদ্য দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, সাত দিন পর ফের পরিদর্শনে আসবেন আধিকারিকরা। এর মধ্যে সমস্ত অনিয়ম ঠিক করার নির্দেশ দেওয়া হয়েছে ব্যবসায়ীদের।

## ডিসেম্বরেই হাওড়া পুরসভার ভোটের আশ্বাস মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,হাওড়া ,২১ মে :** হাওড়াবাসীদের জন্য সুখবর। দীর্ঘ প্রায় আট বছর পুর ভোট হয়নি হাওড়া পুরসভায়। নাগরিক পরিষেবার অবস্থা শোচনীয় । হাওড়া পুরসভার অন্তর্গত ওয়ার্ড গুলোয় দীর্ঘ সময় ধরে কাউন্সিলর না থাকায় ,জল নিকাশি থেকে শুরু করে ময়লা আবর্জনা সমস্যায় জর্জরিত হাওড়াবাসী ।এছাড়া তৃণমূল সরকার আমলে তোলা বাজি সমস্যা ও অত্যাচার তো ছিলো। ২০২৬ এ সরকার পরিবর্তন হয়েছে, এখন ডাবল ইঞ্জিন বিজেপি সরকার। বৃহস্পতিবার হাওড়ার প্রশাসনিক কর্তাদের সঙ্গে বৈঠক করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সঙ্গে ছিলেন চার বিজেপি বিধায়ক। এ দিনের বৈঠকেই হাওড়া পুরসভার ভোট নিয়ে আলোচনা হয়। বৈঠক শেষে, রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, সব কিছু ঠিকঠাক থাকলে ডিসেম্বর মাসের মধ্যে হাওড়া ও বালি পুরসভার ভোট সম্পন্ন হবে। মুখ্যমন্ত্রীর ঘোষণায় আসার আলো দেখছে হাওড়া পুরসভার বাসিন্দারা ।

## রেল দপ্তরের উচ্ছেদ অভিযান , বুলডোজার দিয়ে ভাঙা হল অবৈধ দোকান ও পার্টি অফিস




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,২১ মে :** রেল দপ্তরের উচ্ছেদ অভিযানে ভাঙলো নিউ কোচবিহার স্টেশন সংলগ্ন রেলের জমিতে ছোট ছোট দোকান । এই এলাকায় কারও ছিল পানের দোকান, কারও বা খেলনা বা মিষ্টির দোকান। এতে কার্যত অনিশ্চয়তার মুখে পড়েছেন এই সমস্ত ক্ষুদ্র ব্যবসায়ী ও তাদের পরিবার।উচ্ছেদ হওয়া ব্যবসায়ীদেয় পক্ষ থেকে জানানো হয়েছে যে তাঁরা ছোট ছোট দোকান করে সংসার চালাচ্ছিলেন। রেল কর্তৃপক্ষ পুনর্বাসনের কোনোরূপ ব্যবস্থা না করে এভাবে দোকান উচ্ছেদ করে অমানবিকতার পরিচয় রেখেছেন।

# হাতির হামলায় মৃত্যু অবসরপ্রাপ্ত চা বাগান শ্রমিকের




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ মে :** আলিপুরদুয়ার জেলার ফালাকাটা থানার অন্তর্গত কদম্বিনী চা বাগানে বৃহস্পতিবার সকালে হাঁটতে বেরিয়ে বন্য হাতির হামলায় এক অবসরপ্রাপ্ত চা বাগান শ্রমিকের মৃত্যু হয়েছে।জানা গিয়েছে, সকাল প্রায় সাড়ে ৫টা নাগাদ হালকা বৃষ্টির মধ্যে ৬৭ বছর বয়সি সঙ্গারোয়া খারিয়া বাগানের লোহা লাইন এলাকার ২৯ নম্বর সেকশনের কাছে ছাতা নিয়ে হাঁটছিলেন। সেই সময় হঠাৎ একটি বুনো দাঁতাল হাতি তাঁকে আক্রমণ করে শুঁড় দিয়ে ছুড়ে ফেলে দেয়। ঘটনাস্থলেই তাঁর মৃত্যু হয়।স্থানীয় বাসিন্দাদের দাবি, বার্ধক্যজনিত কারণে খারিয়ার শ্রবণশক্তি কমে গিয়েছিল। হাতিটিকে দেখতে পেয়ে আশপাশের লোকজন তাঁকে সতর্ক করার চেষ্টা করলেও তিনি তা শুনতে পাননি এবং অজান্তেই হাতিটির আরও কাছে চলে যান।এই ঘটনায় চা বাগান এলাকায় ব্যাপক আতঙ্ক ছড়িয়েছে। বাসিন্দাদের অভিযোগ, গত কয়েকদিন ধরেই নিয়মিতভাবে বুনো হাতির দল এলাকায় ঢুকে পড়ছে।চা বাগানের শ্রমিক নিরাশন ঝা বলেন, রাত নামলেই হাতির উপদ্রব বাড়ছে এবং এলাকাজুড়ে আতঙ্কের পরিবেশ তৈরি হয়েছে।বন দফতরের পক্ষ থেকে মৃতের পরিবারকে ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়ার ঘোষণা করা হয়েছে।

# অভিযুক্ত কে গ্রেফতার করার দাবি





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ মে :** কয়েক দিন আগে রঞ্জিত সাহা নামে এক যুবককে ধারালো অস্ত্রে দিয়ে কোপানোর অভিযোগ ওঠে প্রতিবেশী চারজনের বিরুদ্ধে। এই নিয়ে শামুকতলা থানা লিখিত অভিযোগ জমা পড়ে। অভিযুক্তদের গ্রেপ্তারের দাবিতে সড়ক হয়েছেন এলাকার বাসিন্দারা। বৃহস্পতিবার এলাকার বাসিন্দারা শামুকতলা থানায় এসে অভিযুক্তদের দ্রুত গ্রেপ্তার করার আর্জি জানান। রঞ্জিত সাহা নামে ওই যুবক কোচবিহারে একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তার শরীরের বিভিন্ন জায়গায় ধারালো অস্ত্র দিয়ে কোপানো হয় বলে অভিযোগ। ওসি সঞ্জীব বর্মন জানিয়েছেন, ঘটনার পর থেকে অভিযুক্তরা পলাতক তাদের খোঁজে তল্লাশি চলছে

# আবাস যোজনা নিয়ে সরকারি কর্মীর বিরুদ্ধে কাট মানি নেওয়ার অভিযোগ




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ মে :** আলিপুরদুয়ার জেলার বিবেকানন্দ ১ গ্রাম পঞ্চায়েতে আবাস যোজনাকে কেন্দ্র করে উঠল কাটমানির অভিযোগ। গ্রাম পঞ্চায়েতের এক কর্মীর বিরুদ্ধে টাকা নেওয়ার অভিযোগ তুলে পঞ্চায়েত প্রধানের কাছে লিখিত অভিযোগ জমা দিলেন একাধিক উপভোক্তা।অভিযোগকারীদের দাবি, আবাস যোজনার ঘর পাইয়ে দেওয়ার নাম করে ওই কর্মী উপভোক্তাদের কাছ থেকে মোটা অঙ্কের টাকা দাবি করেন। কেউ কেউ অভিযোগ করেন, টাকা না দিলে নাম তালিকা থেকে বাদ দেওয়ারও হুমকি দেওয়া হয়েছিল। এরপরই ক্ষুব্ধ উপভোক্তারা একজোট হয়ে পঞ্চায়েত প্রধানের কাছে লিখিতভাবে বিষয়টি জানান।ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। স্থানীয় বাসিন্দাদের একাংশের দাবি, গরিব মানুষের জন্য সরকারি প্রকল্পে যদি এভাবে কাটমানি নেওয়ার অভিযোগ ওঠে, তাহলে প্রশাসনের কড়া পদক্ষেপ নেওয়া উচিত।যদিও অভিযুক্ত কর্মীর তরফে সমস্ত অভিযোগ অস্বীকার করা হয়েছে। তাঁর দাবি, রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিতভাবেই তাঁকে ফাঁসানোর চেষ্টা করা হচ্ছে। এদিকে অভিযোগ পাওয়ার পর বিষয়টি খতিয়ে দেখার আশ্বাস দিয়েছেন গ্রাম পঞ্চায়েত প্রধান। তিনি জানান, অভিযোগের সত্যতা প্রমাণিত হলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

# ভিলেজ পুলিশ বরখাস্ত পারোকাটায়





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ মে :** পারোকাটা গ্রাম পঞ্চায়েতের গ্রামীণ পুলিশ কে বরখাস্ত করা হয়েছে তার কাজ থেকে। তৃণমূল পার্টির হয়ে কাজ করার অভিযোগে গ্রামীণ পুলিশ সুবোধ দাসকে তার কাজ থেকে বরখাস্ত করা হয়েছে। ভাটিবাড়ী ফাঁড়ির দুই সিভিক ভলেন্টিয়ার কে কর্তব্যে গাফিলতির দরুন তাদেরকে শামুকতলা থানায় ক্লোজ করা হয়েছে। বেশ কয়েকজন সিভিক ভলেন্টিয়ার এর বিরুদ্ধে অভিযোগ ছিল উর্ধতন কর্তৃপক্ষের কাছে। এর আগে মৃণাল দাস নামে এক সিভিক ভলেন্টিয়ারকে আলিপুরদুয়ার লাইনে পাঠানো হয়েছিল । এবার বাবুল রহমান এবং রাজাদাস নামে দুই সিভিক ভলেন্টিয়ার কে শামুকতলা থানায় পাঠানো হয়েছে।

# জয়গাঁ লামা চৌপথি এলাকায় আগুনে পুড়ে গেল দোকান



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২১ মে :** জয়গাঁ লামা চৌপথি এলাকায় ভয়াবহ অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্থ একটি মুদি দোকান।ঘটনাটি ঘটেছে এদিন ভোর সকালে। এদিন ভোর সকালে এলাকার বাসিন্দারা স্থানীয় ব্যবসায়ী জিতেন্দ্র সাহ মুদি দোকানে আগুন দেখতে পায় তারা জিতেন্দ্র সাহ কে খবর দেয় ঘটনাস্থলে জিতেন্দ্র সাহ পৌছে এলাকার বাসিন্দারা সবাই আগুন নেভানোর জন্য হাত লাগায় এবং দমকলে খবর দেয় ঘটনাস্থলে জয়গাঁ দমকল কেন্দ্র থেকে একটি ইঞ্জিন পৌছে কয়েক ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। দোকান মালিক জিতেন্দ্র সাহ জানান আনুমানিক প্রায় দশ লক্ষ টাকা জিনিস ক্ষতি হয়েছে। আগুন লাগার কারণ এখনো জানা যায়নি।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |